

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১২, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইন অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ/১০ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ২২৬-আইন/২০২০—যেহেতু Protection and Conservation of Fish Act, 1950 (East Bengal Act No. XVIII of 1950), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (5) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক (Protection and Conservation of Fish Rules, 1985, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর অধিকতর সংশোধনের লক্ষ্যে এতদসম্পর্কিত বিষয়ে আপত্তি বা পরামর্শ আহবানক্রমে ১৭ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ০১ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৬৫-আইন/২০২০ এর মাধ্যমে প্রাক-প্রকাশনা করা হইয়াছিল; এবং

যেহেতু, উক্ত প্রাক-প্রকাশনায় উল্লিখিত ২ (দুই) মাস সময় ইতোমধ্যে উত্তীর্ণ হইয়াছে এবং প্রস্তাবিত সংশোধনের উপর প্রাপ্ত আপত্তি বা পরামর্শ অনুযায়ী উক্ত প্রজ্ঞাপনে প্রয়োজনীয় সংশোধনের প্রস্তাব করা হইয়াছে; এবং

যেহেতু, সরকার প্রাপ্ত আপত্তি বা পরামর্শ বিবেচনাক্রমে উক্ত Rules অধিকতর সংশোধনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৮০০৯)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, উক্ত Act এর section 3 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত Rules এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত Rules এর rule 10 এর sub-rule (1) এর clause (a) এর পর নিম্নরূপ নূতন clause (aa) সন্নিবেশিত হইবে, যথা :—

“(aa) the forfeited live fry of fish or post larvae of shrimp and prawns of any kind, shall be released into the nearest suitable natural water bodies;”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হামিদুর রহমান

যুগ্মসচিব।